

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৪০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

### আরবী

عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «من نِيحَ عَلَيْهِ فَإِنَّهُ يُعَذَّبُ بِمَا نِيحَ عَلَيْهِ يَوْمِ الْقِيَامَة»

#### বাংলা

১৭৪০-[১৯] মুগীরাহ্ ইবনু শু'বাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, মৃত ব্যক্তির জন্য মাতম করা হয় কিয়ামতের (কিয়ামতের) দিন সে মৃতকে এ মাতমের জন্য শাস্তি দেয়া হবে। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১২৯১, মুসলিম ৯৩৩, আত্ তিরমিয়ী ১০০০, আহমাদ ১৮২৩৭, ইবনু আবী শায়বাহ্ ১২০৯৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭১৬৯, শারহুস্ সুনাহ্ ১১৫, সহীহ আত্ তারগীব ৩৫২০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মাধ্যমে মৃত ব্যক্তির জন্য উচ্চৈঃস্বরে কাঁদতে নিষেধ করা হয়েছে। মৃত ব্যক্তির জন্য কাঁদলে তার ভয়াবহতা সম্পর্কে সতর্ক করা হয়েছে। বলা হচ্ছে যে, মৃত ব্যক্তির জন্য কাঁদা হলে কিয়ামাত (কিয়ামত) দিবসে শাস্তি প্রদান করা হবে। আলোচ্য হাদীসে এ কথার দলীল যে, মৃত ব্যক্তির জন্য ক্রন্দন করা হারাম। কেননা সে কারণে মৃত ব্যক্তিকে শাস্তি দেয়া হয়। আর এরূপ শাস্তি হবে সেক্ষেত্রে যখন মৃত ব্যক্তি তার জীবদ্দশায় এরূপ কান্নাকাটি ও বিলাপের জন্য ওয়াসিয়্যাত করে গিয়ে থাকে বা অপছন্দ করে না থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন